

জমকালো আয়োজনে অনুষ্ঠিত হলো বিইউএইচএস-এর প্রথম সমাবর্তন

টিভিসি রিপোর্ট | প্রকাশ: ২৫ এপ্রিল ২০২৪, ১১:৩৯ PM , আপডেট: ২৫ এপ্রিল ২০২৪, ১১:৪৪ PM



জমকালো আয়োজনের মাধ্যমে বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস (বিইউএইচএস)-এর প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৫ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এ সমাবর্তন অনুষ্ঠিত হয়।

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডা. সামন্ত লাল সেন সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ। সমাবর্তন বক্তা ছিলেন ইউনিভার্সিটি কলেজ লন্ডনের গ্লোবাল হেলথ এন্ড সাসটেইনাবল ডেভেলপমেন্ট বিভাগের অধ্যাপক এছনি কসটেলো।

সমাবর্তনে ছয় শতাধিক শিক্ষার্থীকে অনার্স ও মাস্টার্স ডিগ্রি দেওয়া হয়। এছাড়া কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী সাত শিক্ষার্থীকে সম্মানসূচক চ্যাম্পেলর ও ভাইস-চ্যাম্পেলর স্বর্ণপদক দেওয়া হয়।

বিইউ এইচএস-এর প্রতিষ্ঠাতা সংগঠন বাংলাদেশ ডায়াবেটিক সমিতি (বাডাস)'র সভাপতি ও বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান এবং উপাচার্য অধ্যাপক ডা. ফরিদুল আলম অনুষ্ঠানে বক্তব্য রাখেন। বিভিন্ন মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উচ্চ পদস্থ কর্মকর্তাবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ, কলেজের অধ্যক্ষবৃন্দ সহ পাঁচ শতাধিক অতিথি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ডা. সামন্ত লাল সেন বলেন, বিইউএইচএস জ্ঞান, প্রযুক্তি ও গবেষণা সমৃদ্ধ শিক্ষা প্রসারের মাধ্যমে দেশের স্বাস্থ্যসেবায় সরকারের অংশীদার হিসেবে কাজ করছে। তিনি গ্র্যাজুয়েটদের পেশাগত জীবনে জাতীয় অধ্যাপক মোহাম্মদ ইব্রাহিমের আদর্শ অনুসরণ করার আহ্বান জানান।

প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ বলেন, বিইউএইচএস কর্মমুখী শিক্ষার মাধ্যমে মানব সম্পদ গঠনে কার্যকর অবদান রেখে চলেছে, গ্র্যাজুয়েটরা তার স্বাক্ষ্য বহন করে।

অধ্যাপক এছনি কসটেলো বলেন, বাডাস তথা বারডেম দেশব্যাপী স্বাস্থ্যসেবা প্রদান করে বিশ্বে অনন্য দৃষ্টান্ত উপস্থাপন করেছে, বিইউএইচএস যুগোপযোগী শিক্ষা প্রদান করে দেশের স্বাস্থ্যখাতকে সমৃদ্ধ করেছে।

জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান মনে করেন, গ্র্যাজুয়েটরা বিইউএইচএস-এর মূল্যবোধ সমুন্নত রেখে নিজেদের অর্জিত জ্ঞান যথাযথ প্রয়োগের মাধ্যমে পেশাগত জীবনে সফলতা অর্জন করবে।

অধ্যাপক ফরিদুল আলম বলেন, গ্র্যাজুয়েটরা নিজেরা যেমন কাজ করবে, তেমনি কর্মদক্ষ মানুষও তৈরি করবে, কর্মের মাধ্যমে তারা বিশ্বে সুনাম অর্জন করবে এবং বিইউ এইচএস-এর ভাবমূর্তি সমুজ্জ্বল রাখবে। তিনি অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সবাইকে ধন্যবাদ জানান।

বিইউএইচএস-এর ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ-সহ ট্রেজারার, সকল অনুষদের ডিন, রেজিস্ট্রার, কন্ট্রোলার, প্রক্টর সহ শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সকাল সাড়ে ৮টা শুরু হওয়া সমাবর্তন বিকেলে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে উৎসবমুখর পরিবেশে সমাপ্ত হয়।